

“বাংলাদেশ বেতার সিলেট, কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন” শীর্ষক প্রকল্প

- ১। একনেক কর্তৃক অনুমোদন : ২২/০৫/২০১৮
- ২। প্রকল্পের প্রশাসনিক অনুমোদনের তারিখ : ০৫/০৮/২০১৮
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বেতার
- ৪। প্রকল্পের নাম : “বাংলাদেশ বেতার সিলেট, কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন”
- ৫। বাস্তবায়নকাল : জুলাই ২০১৮ – জুন ২০২০
- ৬। প্রাক্কলিত ব্যয় : ৫৬২২.৪৩ লক্ষ টাকা

৭। প্রকল্পের প্রধান উদ্দেশ্য

- বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্রের সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন ও ডিজিটালাইজেশনের মাধ্যমে আকর্ষণীয় ও উচ্চ কারিগরী মান সম্পন্ন বেতার অনুষ্ঠান সম্প্রচার নিশ্চিতকরণ।
- মানসম্মত অনুষ্ঠান প্রচারের মাধ্যমে বেতার সম্প্রচারকে সিলেট অঞ্চলের জনগণের দোরগোড়ায় পৌঁছানো ও আর্থ-সামাজিক উন্নয়নে তাদের ভূমিকা রাখতে সাহায্য করা এবং শিক্ষার হারে সর্বনিম্ন অবস্থানে থাকা সিলেট অঞ্চলের শিক্ষার হার বৃদ্ধিকরণে সহায়ক ভূমিকা পালন।
- বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্রের সম্প্রচার কাভারেজ বৃদ্ধির মাধ্যমে সিলেট অঞ্চলের হাওর ও চা বাগান এলাকার অনগ্রসর জনগণের দোড়গোড়ায় বেতার অনুষ্ঠান পৌঁছানো এবং হাওর এলাকায় আকস্মিক বন্যার বার্তা ও বন্যাকালীন ও বন্যা পরবর্তী সময়ে করণীয় সম্পর্কিত অনুষ্ঠান প্রচারের মাধ্যমে অনগ্রসর জনগোষ্ঠীকে সচেতন করা।
- বর্তমানে বাংলাদেশে ঝরে পড়া শিক্ষার্থীর হার সিলেট অঞ্চলে সবচেয়ে বেশী। শিক্ষামূলক অনুষ্ঠান প্রচারের মাধ্যমে শিশুদের স্কুলগামী করতে উদ্বুদ্ধ করার মাধ্যমে ঝরে পড়া শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করা।
- আধুনিক ও ডিজিটাল প্রযুক্তির এফ.এম. ও মধ্যম তরঙ্গ প্রেরণযন্ত্র এবং অন্যান্য ডিজিটাল যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে ডিজিটাল প্রযুক্তির যথার্থ প্রয়োগ এবং সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সহায়তা করা।
- বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠানের মাধ্যমে রাষ্ট্রের সাংবিধানিক দায়িত্ব স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্য লালনে সহায়ক ভূমিকা পালন।
- বাংলাদেশ বেতার সিলেট কেন্দ্রের আওতাধীন কভারেজ এলাকা থেকে দারিদ্র বিমোচন, জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ, নারীর ক্ষমতায়ন, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, কৃষির উন্নয়ন, শিশু শিক্ষা ও অন্যান্য প্রাসঙ্গিক অনুষ্ঠান প্রচারের মাধ্যমে সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে সহায়তা করা।

৮। প্রকল্পের আওতায় গৃহীতব্য কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ :

- (ক) ১০ কিঃওঃ এফএম ট্রান্সমিটার ক্রয় ও স্থাপন
- (খ) ২০ কিঃওঃ এ এম ট্রান্সমিটার ক্রয় ও স্থাপন
- (গ) এমসিআর ও স্টুডিও যন্ত্রপাতি ক্রয়
- (ঘ) ডিএসএনজি ক্রয়
- (ঙ) ৪০০ ফিট সেফ সাপোর্টেড টাওয়ার (প্রচার ভবন)
- (চ) অডিটোরিয়াম নির্মাণ
- (ছ) ডর্মিটরী ভবন নির্মাণ
- (জ) কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় ও স্থাপন
- (ঝ) বিভিন্ন মেরামত কাজ